

তারিখ ৪ JUN 20০3
স্থান কলকাতা

ভারতের স্বাধীনতা

ভারতের কাগজ

ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির সমাবর্তন শিক্ষকদেরকে আরো দায়িত্বশীল হতে হবে : রাষ্ট্রপতি

কাগজ প্রতিবেদক : রাষ্ট্রপতি, প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ বলেছেন, শিক্ষার ওপর দেশের অর্থনীতি নির্ভর করছে। এ জন্য শিক্ষকদের আরো দায়িত্বশীল, সং ও কর্তব্যপরায়ণ হতে হবে।

গতকাল শনিবার বাংলাদেশ-চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির সপ্তম সমাবর্তনে প্রধান অতিথি সভাপতির ভাষণে রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ একথা বলেন। অনুষ্ঠানে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির উপাচার্য ড. প্রফেসর বঙ্গপুল মোবিন চৌধুরী, কোষাধ্যক্ষ প্রফেসর এ হাফিজ চৌধুরী, প্রফেসর এ এফ সাদাহউদ্দিন আহমেদ, প্রফেসর বোরহান উদ্দিন, প্রফেসর হারুনুর রশিদ এবং প্রফেসর এম এ লতিফও বক্তৃতা করেন।

রাষ্ট্রপতি আরো বলেন, তথ্য-প্রযুক্তির কারণে পৃথিবী বুঝে বদলে যাচ্ছে। আমাদেরকে এই সমাজের চাহিদার সঙ্গে সম্পৃক্ত হতে হবে। তিনি বলেন, দেশের বড়োদের এবং শিক্ষকদের প্রতি মানুষের মূল্যবোধ হারিয়ে যাচ্ছে। সমাজের মানুষের প্রতি শ্রদ্ধা ও সম্মতি আবার ফিরিয়ে আনতে হবে। তিনি বলেন, সমাজে আত্মনির্ভরশীলতা ও নৈতিক মূল্যবোধ প্রতিষ্ঠিত করতে হবে। এ জন্য তিনি শিক্ষক সম্প্রদায়কে আরো সং, দায়িত্বশীল ও কর্তব্যপরায়ণ হওয়ার আহ্বান জানিয়েছেন।

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, বর্তমান সরকার শিক্ষা খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছে। বর্তমান সরকারই দেশে প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয়। বর্তমানে দেশে ৪৭টি বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। নগরীতে আশ্রয় অভাব সত্ত্বেও শিক্ষা প্রতিষ্ঠান হচ্ছে। তিনি বলেন, সীমিত শিক্ষা গ্রহণ করে জবিঘ্যস্তে কিছু করা যায় না। শিক্ষার কোনো শেষ নেই। বিশ্বের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সিলেবাস অনুসরণ করে শিক্ষার্থীদের আধুনিক শিক্ষায় শিক্ষিত হতে হবে। শিক্ষামন্ত্রী বলেন, ব্যবসায়িক মনোভাব দূর করে প্রকৃত শিক্ষার উদ্দেশ্যে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলতে হবে। তিনি, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির পড়ার মান অন্যান্য বিশ্ববিদ্যালয়ের চেয়ে ভালো বলে উল্লেখ করেন।

উপাচার্য প্রফেসর ড. বঙ্গপুল মোবিন চৌধুরী বলেছেন, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির অয়ন্যত্র ১০ বছর আগে শুরু হয়েছে। আজ ১০ বছর পূর্ণ হলো। একই দিনে সপ্তম সমাবর্তন অনুষ্ঠান। তিনি ডিমিথারীদের উদ্দেশ্যে বলেন, আজ থেকে জোমাদের যুগ পুরণের দিন শুরু হচ্ছে। যুক্তভাবে জোমরা নিজেদের পছন্দের পন বেছে নিতে পারবে। কিণ্ড ৪ বছর পূর্বে যে তয়তীতি ছিল তা আজ থেকে ডিমিথারীরা কটিয়ে উঠতে পারবে বলে তিনি আশা প্রকাশ করেন।

এবারে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি থেকে ব্যাচেলর এক মাস্টার্সে ২৬০ জন শিক্ষার্থী ডিমি অর্জন করেছেন। এরমধ্যে ২৪৫ জনকে ব্যাচেলর ডিমি এবং ১৫ জনকে এমবিএ ডিমি প্রদান করা হয়। তবে তিনিমা হাদী যোগাযোগ অনুঘদে বিজনেস ইনফরমেটিকস বিষয়ে সর্বোচ্চ গ্রেড পেয়েছেন। সর্বোচ্চ গ্রেড অর্জন করার রাষ্ট্রপতি কর্তক তিনিমা হাদীকে গোল্ড মেডেল প্রদান করা হয়।